

'এবং মহুয়া'-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত। ২০২০ সালে প্রকাশিত ৮৬ পৃ. তালিকার ৬০ পৃ. এবং ৮৪ পৃ. উল্লেখিত।

# এবং মহুয়া

( বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী মাসিক পত্রিকা )

২২ তম বর্ষ, ১২৩ সংখ্যা, জুলাই, ২০২০

সম্পাদক
ডা. মদনমোহন বেরা

কে.কে. প্রকাশন
গোলকুঁয়াচক, মেদিনীপুর, প.বঙ্গ।

**'Ebong Mahua'--UGC - CARE Approved listed Journal.**
**In Indian Language-Arts and Humanities Group, in Page 60 & 84 out of 86 pages .list published on 2020**

# EBONG MAHUA

**Bengali Language, Literature, Research and Referred with Peer-Review Journal**

**22th Year, 123 Volume**

**July, 2020**

**Published By**

**K. K. Prakashan**

**Golekuachawk, P.O.-Midnapur,721101.W.B.**

DTP and Printed By

**K.K.Prakashan**

Cover Designed By

**Kohinoorkanti Bera**

Special Editorial Co-ordinator

**Amit Kumar Maity**

**Communication :**

**Dr. Madanmohan Bera, Editor.**

**Golekuachawk, P.O.-Midnapur, 721101. W.B.**

**Mob.-9153177653**

**Email- madanmohanbera51@gmail.com /**

**kohinoor bera @ gmail.com**

**Rs 500**

# সূ চী প ত্র

১.শাস্তির উদ্দেশ্য : কেবলই শারীরিক নির্যাতন, না
মানসিক পরিবর্তন
:: শতশ্রী ধর..................................................৯
২. লালমোহন ভট্টাচার্যের 'কাব্যনির্ণয়' : প্রসঙ্গ প্রাচ্য রসতত্ত্ব
:: নীলকমল বাগুই..............................................১৭
৩.মাটির অ্যান্টেনা:প্রান্তবর্গীয় জীবনচেতনাওনারী জীবনের অগ্ন্যুৎপাত
:: কালিপদ বর্মন...............................................২৫
৪.গান্ধীজী ও বিপ্লবীরা : প্রেক্ষিত ভারতের স্বাধীনতা আন্দোলন
:: শচীন চক্রবর্ত্তী.............................................৩১
৫.সাম্প্রতিক দুইগল্পে শিক্ষাক্ষেত্রের বিপন্নতাএবংউন্মুক্ততার দ্বৈতপাঠ
:: সম্প্রিয়া চ্যাটার্জী............................................৪১
৬.ফেমিনিজম:উৎসভূমি-ঐতিহাসিক প্রেক্ষিত ও প্রাক-আধুনিক
সাহিত্যিক তাৎপর্য
:: অজয়কুমার দাস.............................................৪৮
৭.বাংলা গদ্যে বিদ্যাসাগরের অবদান
:: রিংকি মণ্ডল.................................................৫৯
৮.বাংলাদেশে লোকসংগীতে আঞ্চলিকতার স্বরূপ
:: মো.এনামুল হক.............................................৬৩
৯.বাংলা লোকসংস্কৃতির আঙিনায় লোককথার অবস্থান
:: দীপক মুদি..................................................৬৯
১০.পরাধীনতা থেকে উদ্বাস্তু জীবন : একটি সমীক্ষা
:: কমল সাহা.................................................৭৭
১১.গণেশ বসুর কবিতায় রবীন্দ্র-সাহিত্যের অনুষঙ্গ
:: নিখিল চন্দ্র মাহাতো.........................................৮৩
১২.পশ্চিমবঙ্গের আদিবাসী : একটি ঐতিহাসিক পর্যালোচনা
:: পিন্টু চৌধুরী.................................................৯১
১৩.গীতায় নবধা ভক্তি চিন্তন
:: অমিয় কুমার দাস...........................................৯৮
১৪.ভারতীয় শিক্ষা বিকাশের ধারা
:: রনজিত কুমার জানা........................................১০৭

১৫.কুষ্ঠরোগীদের গ্রাম:আবির্ভাব সংক্রান্ত একটি আলোচনা
(মানভূম/পুরুলিয়া)
:: জয়ন্ত মাজিগোপ..............................................১২২
১৬.বিষ্ণুপুরের মল্লরাজার নেতৃত্বে 'চুয়াড় বিদ্রোহ'
:: শুভাশিষ চক্রবর্ত্তী..............................................১৩০
১৭.অন্তেবাসী : স্বদেশীয় ঐতিহ্য রক্ষায় ইরানী জনজাতি—
একটি সমীক্ষা
:: অসীম কুমার মন্ডল..............................................১৩৭
১৮.অপুষ্টি ও শিশুর শিক্ষা
:: লালকৃষ্ণ খাঁড়া..............................................১৪২
১৯.রবীন্দ্র উপন্যাসে আধুনিকতা : প্রসঙ্গ 'চোখের বালি'
:: অভিজিৎ সাহা..............................................১৪৭
২০.'পরিশোধ' কবিতা, 'পরিশোধ' নাট্যগীতি ও 'নৃত্যনাট্য শ্যামা'
: ধারাবাহিক রূপান্তরের তুলনামূলক বিশ্লেষণ
:: সুকান্ত চক্রবর্তী..............................................১৫৪
২১.বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে সাহিত্যসংস্কৃতি ও পত্রিকার ভূমিকা
:: বিশ্বনাথ মাইতি..............................................১৬৬
২২.নজরুলের গান : তর্কে-বিতর্কে ধূর্জটিপ্রসাদ-নলিনীকান্ত
:: অভিজিৎ মজুমদার..............................................১৭২
২৩.দয়ার সাগর বিদ্যাসাগর
:: অনির্বাণ সাহু..............................................১৭৯
২৪.আশাপূর্ণাদেবী ও মানবাধিকার : একটি পর্যালোচনা
:; ইতি চট্টোপাধ্যায়..............................................১৮৩
২৫.বিশ শতকের বাংলা আখ্যান : মানবী চেতনার স্বরাগম
:: জয়ন্ত কুমার রায়..............................................১৮৮
২৬.ভারতের পরিবেশ আন্দোলন ও রাজনীতি
:: কার্ত্তিক কুমার ভূঞ্যা..............................................১৯৫
২৭.নবনীতা দেবসেনের পৌরাণিক গল্পে নারীর প্রতিবাদী স্বর
:: রূপশ্রী দেবনাথ..............................................২০৫
২৮.ঔপনিবেশিক পর্বে মেদিনীপুর জেলায় নারীর
সামাজিক জীবন : প্রসঙ্গ উপজাতি সম্প্রদায়
:: বিশ্বজিৎ মল্লিক..............................................২১২
২৯.স্বাধীনতা সংগ্রামওমেয়েদের অংশগ্রহণের প্রকৃতি:বাঁকুড়া জেলা
:: সোমা ষন্নিগ্রহী..............................................২২১

# অন্তেবাসী : স্বদেশীয় ঐতিহ্য রক্ষায় ইরানী জনজাতি-একটি সমীক্ষা

অসীম কুমার মন্ডল

সুদুর অতীতে শতকের পর শতক ধরে গ্রীক, শক, কুষাণ প্রভৃতি জনগোষ্ঠীর অভিপ্রয়াণ ঘটেছে ভারতবর্ষে। এক একটি জাতির এক একটি উদ্দেশ্যে এই অভিপ্রয়াণ ঘটলেও কখনো কখনো জাতির উদ্দেশ্য সফল হয়েছে, কখনো বা উদ্দেশ্য ব্যর্থতায় নিশ্চিহ্ন হয়ে গেছে এদেশে তাঁদের স্মৃতিটুকু। বৈচিত্র ভূমি এই ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের বিভিন্ন জেলায় বিদেশী কোনো কোনো জাতির অস্তিত্ব মেলে আজও।

পশ্চিমবঙ্গের বর্ধমান জেলার পান্ডবেশ্বর, মুর্শিদাবাদ জেলার লালবাগ এবং পুরুলিয়া জেলার আদ্রায় এমই একটি বিদেশী জনগোষ্ঠীর সন্ধান মেলে, যারা চেহারায়, ভাষায়, পেশায়, ধর্মে-বর্ণে, পোশাক-পরিচ্ছদে সর্ব অর্থে অন্তেবাসী, যারা নিজেদের পরিচয় দেয় ইরানী বলে। এই অন্তেবাসী অর্ধ যাযাবর জনগোষ্ঠী (যারা নিজেদের বলে ইরানী) কখন ভারতবর্ষে এসেছিল, কোথা থেকে এসেছিল তার যুক্তিনির্ভর তথ্যভিত্তিক ইতিহাস খুঁজে পাওয়া যায় না। তবে পান্ডবেশ্বর ও লালবাগে তাদের বসতি সম্পর্কে কিছু জনশ্রুতি এবং ঐ এলাকায় বসবাসকারী ব্যক্তিদের স্মৃতি কথা থেকে এ সম্পর্কে কিছু জানা সম্ভব হয়েছে। এই ইরানীদের আর্থ-সামাজিক, শিক্ষা, ধর্মভিত্তিক স্বদেশীয় ঐতিহ্যকে এদেশীয় স্পর্শ থেকে বিচ্ছিন্ন রাখার আন্তরিক সচেতন প্রয়াস লক্ষ করা যায়। তাদের এই স্বদেশীয় সংস্কৃতি রক্ষার আড়ালে সাম্প্রতিক জীবন দর্শনের স্বরূপ উদঘাটনে একটি আন্তরিক প্রচেষ্টা নেওয়ার চেষ্টা করা হয়েছে।

পশ্চিমবঙ্গে এই ইরানী পরিবারবর্গের বাস মূলতঃ পুরুলিয়া জেলার আদ্রা, বর্ধমান জেলার পান্ডবেশ্বরের ফুলবাগান মোড়ে ইরানী পাড়ায় (প্রায় ১৫০-২০০ জন ইরানী বা প্রায় ৩৫-৪০ টি ইরানী পরিবার) এবং মুর্শিদাবাদের লালবাগ সংলগ্ন হাজার দুয়ারির পার্শ্ববর্তী চক বাজার এলাকায় (প্রায় ২৪০-৩০০ জন ইরানী, অন্তত প্রায় ৮০-৮৫ টি পরিবার)। এই সব ইরানীদের এই অঞ্চলে কখন কিভাবে অভিবাসন সম্ভব হয়েছে, তা ইরানীদের বয়ঃজৈষ্ঠ্য সর্দার ও সদস্যদের বর্ণিত উপকথা বা স্মৃতিকথা ব্যতীত বিশ্বাসযোগ্য উপাদান খুঁজে পাওয়া খুবই কঠিন। তবে খ্রিস্টপূর্ব ষষ্ঠ শতকের দ্বিতীয় দশকে পারস্য বা ইরানের বেহিস্থান লেখ, পার্সেপোলিস লেখ, নকস-ই-রুস্তম লেখ এবং হামদান স্বর্ণ ও রৌপ্য ফলক থেকে প্রাপ্ত তথ্যে জানা যায় খ্রিঃ পূঃ ৫২২ থেকে ৪৮৬ অব্দ পর্যন্ত রাজত্ব করা পারস্যের রাজা প্রথম ড্যারিয়াসের আমলে ভারতের উত্তর পাঞ্জাব, গান্ধার ও সিন্ধু অঞ্চলে পারসিকদের আধিপত্য ছিল[১]। কিন্তু প্রায় ২০০